

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৩৩-আইন/২০১৯/৬৯-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫৮ এর উপ-ধারা (২), ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৫-আইন/২০১৯/৪২-মুসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর পর নিম্নরূপ নূতন বিধান সংযোজিত হইবে, যথা:-

“২। উপরি-উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হইতে সরবরাহের সময় পরিশোধ করিতে হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ড. আব্দুল মান্নান শিকদার)  
সদস্য (মুসক নীতি)